

ঝিনাইদহে মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তিলাভে বিপত্তি

ঝিনাইদহ ১০ ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।- মেধাবী ছাত্রদের বৃত্তি প্রদানের ক্ষেত্রে ঝিনাইদহ ক্যাডেট কলেজকে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের সাথে একীভূত করায় সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী ছাত্র-ছাত্রীরা বৃত্তি লাভের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

সরকার সব এলাকার মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি পাবার ব্যাপারে সমান অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে ১৯৮০ সালে এলাকাভিত্তিক বৃত্তি বন্টন ব্যবস্থা চালু করেন। এ নিয়ম অনুযায়ী প্রাইমারী বৃত্তি ইউনিয়ন ভিত্তিক, জুনিয়র বৃত্তি থানা ভিত্তিক এবং এসএসসি ও এইচএসসি বৃত্তি সাবেক মহকুমা (বর্তমান জেলা) ভিত্তিক দেবার সিদ্ধান্ত নেয়া হয়।

জানা যায়, এ ব্যবস্থায় দেশের অন্যান্য স্থানের মেধাবী ছাত্র-ছাত্রীরা সুসমভাবে

বৃত্তি পেয়ে থাকলেও ঝিনাইদহ জেলার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়েছে। সরকারী শিক্ষা প্রতিষ্ঠান ঝিনাইদহ ক্যাডেট কলেজকে এ ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত করায় এ সমস্যার সৃষ্টি হয়। সংশ্লিষ্ট কলেজটি সরকার নিয়ন্ত্রিত একটি আবাসিক প্রতিষ্ঠান। মেধা পরীক্ষার মাধ্যমে ছাত্র বাছাই করে নিয়ে তাদেরকে বিশেষ ব্যবস্থায় এখানে শিক্ষা দেয়া হয়।

তা ছাড়া তাদের বিশেষ কিছু সুবিধাজনক সারঞ্জাম আছে যা বাইরের কোন স্কুল কলেজে নেই। যার ফলে বৃত্তির নির্ধারিত কোটা এই কলেজ থেকে পূরণ হয়ে যায়।

এতে দেশের অন্যান্য স্থানের ছাত্র-ছাত্রীরা যে নম্বর পেয়ে বৃত্তি লাভ করে ঝিনাইদহ জেলার ছাত্র-ছাত্রীরা তার চেয়ে বেশী নম্বর পেয়েও বৃত্তি লাভের সুযোগ থেকে বঞ্চিত হয়।

ঝিনাইদহ জেলায় বৃত্তি প্রদানের ক্ষেত্রে ক্যাডেট কলেজকে পৃথক করা হলে এ সমস্যার একটা সূচ্য সমাধান হতে পারে।